NEW YORK STATE OF OPPORTUNITY. | Department of Motor Vehicles

# তীব্র অক্ষমতাসহ ব্যক্তিদের জন্য পার্কিং পারমিট অথবা লাইসেন্স প্লেটের জন্য কীভাবে আবেদন করতে হবে

dmv.ny.gov

*সাধারণ নির্দেশিকা*

অনুগ্রহ করে আপনার দ্বারা, পৃষ্ঠা 3 এর আবেদন পত্রটি সম্পূর্ণ করার পূর্বে, এই প্যাকেটের পৃষ্ঠা 1 এবং 2 পড়ুন। আপনি একটি স্পেশাল পার্কিং পারমিট অথবা লাইসেন্স প্লেটের জন্য যোগ্য যদি আপনি নিউ ইয়র্কের (New York) একজন বসবাসকারী যার একটি অথবা তার অধিক **অক্ষমতা** আছে যেগুলি আপনার **সচলতাকে** বাধাপ্রাপ্ত করে। **এই সকল অক্ষমতাগুলির** একটি বিবরণের জন্য এই প্যাকেটের পৃষ্ঠা 3 এর পার্ট 2 দেখুন। একটি পার্কিং পারমিট প্রদান করা হতে পারে হয় একটি স্থায়ী অথবা সাময়িক অক্ষমতার জন্য। পারমিটগুলি **প্রদান করা হয় অক্ষমতাযুক্ত ব্যক্তিটির নামে।** একটি পার্কিং পারমিট পাওয়ার জন্য আপনাকে একটি চালক, অথবা একটি যানবাহনের নিবন্ধিত মালিক হতে **হবে না**। যেকোনো বয়সের শিশুরা, যাদের একটি তীব্র অক্ষমতা আছে, পারমিটগুলির জন্য যোগ্য, সেই সকল মানুষদের মত যারা আইনগতভাবে অন্ধ।

1) **<u>পার্কিং পারমিট</u> এর জন্য আবেদন করার জন্য:**

(a) পৃষ্ঠা 3 এর আবেদনপত্রের পার্ট 1 পূরণ করুন। যদি আপনার একটি **স্থায়ী অক্ষমতা** থাকে, তাহলে একজন ওষুধভিত্তিক চিকিৎসক, অস্থি সংক্রান্ত চিকিৎসক, চিকিৎসকের সহকারী, অনুশীলনকারী নার্স, পডিয়াট্রিক মেডিসিন (পায়ের পাতার অক্ষমতা সম্পর্কিত) এর চিকিৎসক অথবা চক্ষু বিশারদ (অন্ধত্বের জন্য) দ্বারা আবেদন পত্রের পার্ট 2 এর "স্থায়ী অক্ষমতা" চিকিৎসাভিত্তিক শংসাপত্রটি পূরণ করান এবং <u>ফর্মটি আপনার নিকট ফেরত নিন।</u> যদি আপনার একটি **সাময়িক অক্ষমতা** থাকে যেটির জন্য একটি সহায়ক ডিভাইসের প্রয়োজন হয়, তাহলে ওষুধভিত্তিক চিকিৎসক, অস্থি সংক্রান্ত চিকিৎসক দ্বারা আবেদন পত্রের পার্ট 2 এর "অস্থায়ী অক্ষমতা" চিকিৎসাভিত্তিক শংসাপত্রটি পূরণ করান এবং <u>ফর্মটি আপনার নিকট ফেরত নিন।</u> দ্রষ্টব্য: যদি আপনার একটি স্থায়ী অক্ষমতা থাকে, তাহলে চিকিৎসাভিত্তিক শংসাপত্রের প্রয়োজনীয়তাটির ক্ষেত্রে ছাড় পাওয়া যেতে পারে যদি আপনার একটি সুস্পষ্ট, দর্শনের দ্বারাই সনাক্তকরণযোগ্য অক্ষমতা (যেমন একটি পা হারানো) থাকে ***<u>অথবা</u>*** যদি আপনার **<u>ইতিমধ্যেই</u>** তীব্র অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য লাইসেন্স প্লেট থাকে।

(b) **আপনাকে আবশ্যিকভাবে আপনার সম্পূর্ণ করা আবেদন পত্রটিকে শহর, নগর, অথবা গ্রামটির জন্য যেখানে আপনি বাস করেন, নিযুক্তকৃত প্রদানকারী প্রতিনিধির কাছে নিয়ে যেতে হবে। আপনার আবেদনটি মোটর যান বিভাগের (DEPARTMENT OF MOTOR VEHICLES, DMV) নিকট পাঠাবেন না - DMV পার্কিং পারমিটগুলি প্রদান করে না।** যদি আপনার একটি ড্রাইভার লাইসেন্স অথবা একটি নন-ড্রাইভার ID কার্ড থাকে যেটি NYS DMV-এর দ্বারা প্রদত্ত, তাহলে আপনাকে আবশ্যিকভাবে নথিটি প্রদানকারী প্রতিনিধিকে দেখাতে হবে। প্রদানকারী প্রতিনিধি, আইন বলবতকারী সত্তাকে এবং পারমিটধারীকে সাহায্য করার এবং হেনস্থা সীমিত করতে সাহায্য করার উদ্দেশ্যে, আপনার পারমিটের উপর নয়-অঙ্কের সংখ্যার, যেটি আপনার লাইসেন্স অথবা নন-ড্রাইভার ID এর উপর প্রিন্ট করা থাকে, শেষ তিনটি অঙ্ক লিখবেন। আপনার, একটি পারমিট পাওয়ার জন্য NYS DMV-এর দ্বারা প্রদত্ত একটি ড্রাইভার লাইসেন্স অথবা নন-ড্রাইভার ID থাকার প্রয়োজনীয়তা নাই, যদি না আপনি নিউ ইয়র্ক (NEW YORK) শহরের একজন বসবাসকারী হন (যদি আপনি নিউ ইয়র্ক(New York) শহরের একজন বসবাসকারী হন, তাহলে আপনাকে একটি পারমিট প্রদান করা হবে না যদি না আপনি পারমিটের জন্য আবেদনের সঙ্গে আপনার ড্রাইভার লাইসেন্স অথবা নন-ড্রাইভার ID কার্ডের একটি কপি অন্তর্ভুক্ত করেন)।

**নিউ ইয়র্ক শহরের (NEW YORK CITY) বসবাসকারীরা** - নিউ ইয়র্ক শহরের পরিবহন বিভাগ (New York City Department of Transportation, NYC DOT) নিউ ইয়র্ক শহর (New York City) এর বসবাসকারীদের জন্য পারমিট প্রদান করে। যদি আপনি নিউ ইয়র্ক সিটির একজন বাসিন্দা হন যাঁর একটি পারমিটের প্রয়োজন, তাহলে আপনাকে অবশ্যই আপনার আবেদন **এবং** আপনার ড্রাইভার লাইসেন্স অথবা নন-ড্রাইভার ID কার্ডের একটি কপি NYC Department of Transportation, Permits and Customer Service, 30-30 Thomson Avenue, 2nd Floor, Long Island City, NY 11101-3045 এ পাঠাতে হবে। আরও তথ্যের জন্য (718) 433-3100 নম্বরে কল করুন। **যদি আপনি আপনার আবেদনের সঙ্গে আপনার ড্রাইভার লাইসেন্স অথবা নন-ড্রাইভার ID কার্ডের একটি কপি প্রদান না করেন, তাহলে NYC DOT একটি পারমিট প্রদান করবে না।** যদি আপনার, তীব্র অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য প্লেটগুলি থাকে, তাহলে পার্ট 1 সম্পূর্ণ করুন এবং আপনার রেজিস্ট্রেশনের একটি কপি সংযুক্ত করুন। যদি আপনার তীব্র অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য কাস্টম প্লেটগুলি থাকে, তাহলে নাগালপ্রাপ্তির আন্তর্জাতিক প্রতীকটিকে প্রদর্শিত করে আপনার প্লেটের একটি ছবি সংযুক্ত করুন। <u>অনুগ্রহ করে পৃষ্ঠা 2 এ "নিউ ইয়র্ক শহরে (NEW YORK CITY) পার্কিং" সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যগুলি পড়ুন।</u>

**নাসাউ কাউন্টির বাসিন্দারা** পারমিটের জন্য কোথায় আবেদন করতে হবে তা জানতে (516) 227-7399 (শারীরিকভাবে প্রতিবন্ধীদের নাসাউ কাউন্টি অফিস) নম্বরে কল করুন।

**নিউ ইয়র্ক রাজ্যের (NEW YORK STATE) অন্যান্য সকল বসবাসকারীরা** - পারমিট প্রদানকারী নিকটতম প্রতিনিধির অবস্থান জানার জন্য আপনার স্থানীয় শহর, নগর অথবা গ্রামের হলে ফোন করুন। **অধিকাংশ শহর, নগর অথবা গ্রামীণ ক্লার্ক এবং কিছু পুলিশ বিভাগ, পারমিট প্রদান করেন।** Most agents accept অধিকাংশ প্রতিনিধিই ফর্ম MV-664.1 গ্রহণ করেন, তবে কিছু প্রতিনিধির তাঁদের নিজস্ব আবেদন পত্র আছে, এবং সকল প্রতিনিধিই সাময়িক অক্ষমতার জন্য পারমিট প্রদান করেন না।

2) **<u>লাইসেন্স প্লেটগুলির</u> জন্য আবেদন করার উদ্দেশ্য:**

(a) আপনার অক্ষমতা **আবশ্যিকভাবে** স্থায়ী হতে হবে।

(b) যে যানটির উপর বিশেষ প্লেটগুলি ব্যবহৃত হবে সেটিকে আবশ্যিকভাবে হতে হবে **অক্ষমতাযুক্ত ব্যক্তিটির জন্য নিবন্ধনকৃত**। আপনার নিজের নামে একটি রেজিস্টার্ড যান রাখার জন্য আপনাকে আবশ্যিকভাবে কমপক্ষে 16 বছর বয়সী হতে হবে।

(c) পৃষ্ঠা 3 এ আবেদনপত্রের পার্ট 1 পূরণ করুন। একজন ওষুধভিত্তিক চিকিৎসক, অস্থি সংক্রান্ত চিকিৎসক, চিকিৎসকের সহকারী, অনুশীলনকারী নার্স, পডিয়াট্রিক মেডিসিন (পায়ের পাতার অক্ষমতা সম্পর্কিত) এর চিকিৎসক অথবা চক্ষু বিশারদ (অন্ধত্বের জন্য) দ্বারা আবশ্যিকভাবে আবেদনপত্রের পার্ট 2 এর "স্থায়ী অক্ষমতা" এর বিভাগটি পূরণ করতে এবং <u>ফর্মটি আপনাকে ফেরত দিতে হবে</u>। <u>দ্রষ্টব্য</u>: মোটর যান কার্যালয় (Motor Vehicles office) এর দ্বারা চিকিৎসাভিত্তিক শংসাপত্রের প্রয়োজনীয়তার ক্ষেত্রে ছাড় দেওয়া হতে পারে, যদি আপনি স্থায়ীভাবে অক্ষম হন এবং একটি সুস্পষ্ট, দর্শনের দ্বারাই সনাক্তকরণযোগ্য অক্ষমতা (যেমন একটি পা হারানো) থাকে ***<u>অথবা</u>*** যদি আপনার অক্ষম ব্যক্তির জন্য একটি স্থায়ী (নীল) পার্কিং পারমিট থাকে। পারমিটধারীদের তাঁদের সঙ্গে পারমিট নিয়ে আসতে হবে এবং, এছাড়াও, আবেদনপত্রের পার্ট 1 পূরণ করতে এবং চিকিৎসাভিত্তিক শংসাপত্র অথবা চিকিৎসকের বিবৃতি প্রদর্শন করে পারমিটের একটি কপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(d) আপনি **যেকোনো মোটর যান কার্যালয় (Motor Vehicles office) থেকে প্লেটগুলি পেতে** পারেন। আপনার সঙ্গে সম্পূর্ণ করা আবেদনপত্রটি নিয়ে আসুন।

- আপনার যানটিকে প্রথমবারের জন্য নিবন্ধিত করানোর জন্য, আপনাকে আবশ্যিকভাবে, একটি মূল রেজিস্ট্রেশনের এবং আপনার অক্ষমতা প্রমাণের জন্য প্রয়োজনীয় সকল নথিগুলি প্রদান করতে হবে।
- যদি আপনার গাড়িতে প্লেটগুলি থাকে, তাহলে তীব্র অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য প্লেটগুলির সঙ্গে বদলা-বদলি করার জন্য আপনার সঙ্গে প্লেটগুলি নিয়ে আসুন। -আপনাকে আবশ্যিকভাবে একটি নিবন্ধীকরণ আবেদনপত্র (ফর্ম MV-82) পূরণ করতে এবং নতুন প্লেটগুলির, যেগুলি আন্তর্জাতিক নাগালের প্রতীক (International Symbol of Access, ISA) জন্য $25.00 প্রদান করতে হবে।
- যদি এই লেনদেনটি, যখন আপনি একটি গাড়ির রেজিস্ট্রেশন নবীকরণ করেন সেই সময়ে ব্যতীত অন্য যেকোনো সময়ে করা হয়, তাহলে আপনাকে $3.75 এর একটি অতিরিক্ত লেনদেন পারিশ্রমিক প্রদান করতে হবে।
- ISA সহ ব্যক্তিভিত্তিককৃত প্লেটগুলি DMV এর কাস্টম প্লেটের কার্যালয়ে (DMV's Custom Plates Office) উপলব্ধ। তথ্যের জন্য (518) 402-4838 নম্বরে কল করুন।

## লাইসেন্স প্লেট এবং পার্কিং পারমিটগুলি ব্যবহার করা

- প্লেট এবং পারমিটগুলি শুধুমাত্র তখনই সংরক্ষিত পার্কিং এলাকায় পার্ক করার জন্য ব্যবহার করা যেতে পারে **যখন কোনো প্রতিবন্ধী ব্যক্তি গাড়িতে চড়েন বা চালান**। অক্ষম নন এমন ব্যক্তিরা একটি সংরক্ষিত স্থানে গাড়ি রাখার জন্য আপনার পার্কিং পারমিট অথবা স্পেশাল প্লেটগুলি ব্যবহার করতে পারবেন না; এই স্থানগুলিতে বেআইনিভাবে গাড়ি রাখা ব্যক্তিরা NYS মোটরযান এবং পরিবহন আইনের ধারা 1203-c(4) লঙ্ঘন করেন এবং তাঁদের দ্বারা কৃত প্রথম অপরাধের জন্য $50 থেকে $75, এবং দুই বছরের মধ্যে কৃত দ্বিতীয় অপরাধের জন্য $75 থেকে $150 জরিমানা হতে পারে। পৌরসভাগুলি অধিক জরিমানা আরোপ করতে পারে। একজন ব্যক্তি যিনি অক্ষম ব্যক্তির জন্য যেকোনো পার্কিং পারমিট অথবা লাইসেন্স প্লেট এর অপব্যবহার করেন তাঁদের পারমিট অথবা প্লেটগুলি রদ করা হতে পারে।

- পার্কিং পারমিটগুলিকে, যখন গাড়িটি পার্ক করা থাকবে রিয়ার-ভিউ মিরর (পিছেন দেখার আয়না) থেকে ঝুলিয়ে রাখতে হবে, তবে যখন গাড়িটি চালানো হবে তখন আয়না থেকে সরিয়ে রাখতে হবে।

- সাধারণত, প্লেট এবং পারমিটগুলি নিউ ইয়র্ক রাজ্যের (New York State) সকল স্থানে যেখানে অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য গাড়ি রাখার স্থানগুলি সংরক্ষিত থাকে, সেখানে বৈধ। তবে, প্লেট অথবা পারমিটের ব্যবহার আপনাকে রাজ্য অথবা স্থানীয় পার্কিং বিধিগুলির অথবা খরচগুলির অথবা একটি নির্ধারিত স্থানে পার্ক করার জন্য অনুমোদন গ্রহণ করার প্রয়োজনীয়তা থেকে ছাড়যুক্ত করে না। প্লেট এবং পারমিটগুলি অধিকাংশ রাজ্য, অঞ্চল এবং বিদেশেও বৈধ থাকে। যদি আপনি নিউ ইয়র্ক (New York) এর বাইরে ভ্রমণ করেন, তাহলে আপনার পারমিট অথবা প্লেট গৃহীত হবে কিনা সেই বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য সেই স্থানটির পুলিশ অথবা মোটরযান প্রতিনিধির থেকে যাচাই করে নিন।

- অক্ষমতাযুক্ত ব্যক্তির জন্য সংরক্ষিত পার্কিং এর স্থানগুলিকে, আবশ্যিক ভাবে সুপ্রকাশ্য স্থানে এবং স্থায়ীভাবে লাগানো আইনানুগ চিহ্নগুলির দ্বারা, যেটি হুইলচেয়ারের প্রতীক প্রদর্শন করে, সূচীত হতে হবে। এই চিহ্নগুলিকে পার্কিং এর স্থানের তল থেকে পাঁচ থেকে সাত ফুট উপরের একটি উচ্চতায় রাখাতে হবে। সংরক্ষিত স্থানগুলির নির্দিষ্টকরণের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে নীল রঙের দ্বারা অঙ্কিত রেখা অথবা চিহ্নিত করা। **অক্ষমতাযুক্ত ব্যক্তির জন্য সংরক্ষিত স্থানের পার্শ্ববর্তী ডোরাকাটা অ্যাকসেস আইলের উপর গাড়ি রাখবেন না** এমনকি আপনার একটি পারমিট অথবা প্লেট থাকলেও। অ্যাকসেস আইলগুলি হুইলচেয়ার ব্যবহারকারীদের জন্য এবং অন্যান্য বিশেষ যান্ত্রিক ব্যবস্থাযুক্ত গাড়িগুলিকে তাদের গাড়িগুলির প্রতি এবং থেকে নিরাপদভাবে স্থানান্তরণের জন্য স্থান প্রদান করে।

- বিভিন্ন অঞ্চলগুলি অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য নির্ধারিত পার্কিং এর স্থান প্রদান করে আইন অথবা আদেশনামার দ্বারা। যদি আপনার একটি নির্দিষ্ট রাস্তার উপর অক্ষমতাযুক্ত ব্যক্তির জন্য পার্কিং সম্পর্কে একটি প্রশ্ন থাকে, তাহলে সেই রাস্তাটির রক্ষণাবেক্ষণকারী কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করুন। যদি আপনার ফেসিলিটিতে রাস্তার-পাশের সংরক্ষিত পার্কিং সম্পর্কে একটি প্রশ্ন থাকে, তাহলে ফেসিলিটি ম্যানেজার অথবা স্থানীয় ভবন পরিদর্শকের সঙ্গে যোগাযোগ করুন।

- **নিউ ইয়র্ক শহরে (NEW YORK CITY) পার্কিং করা**

  নিউ ইয়র্ক সিটি (New York City, NYC) তার রাস্তাগুলির উপর শুধুমাত্র অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্যই স্থান সংরক্ষিত রাখে না। তবে, সিটি একটি সিটি পারমিট (একটি আয়তাকার ড্যাশবোর্ড পারমিট) প্রদান করে যা তীব্র অক্ষমতাযুক্ত একজন ব্যক্তিকে সিটির পায়ে হাঁটার পথের ধারে পার্ক করতে অনুমোদিত করে যা অধিকাংশ গাড়ির ক্ষেত্রেই, অথবা আইনানুগ মিটারযুক্ত স্থানগুলিতে বিনামূল্যে উপলব্ধ হয় না। এই পারমিট নিউ ইয়র্ক সিটি (New York City)এর বাইরে বৈধ নয়। আপনি একটি সিটি পারমিট এবং একটি নিউ ইয়র্ক রাজ্যভিত্তিক (New York State) পারমিট পেতে পারেন, যেগুলি NYC DOT এর দ্বারা প্রদান করা হয়।

  সমগ্র নিউ ইয়র্ক রাজ্যে (New York State) এবং নিউ ইয়র্ক সিটিতে (New York City) শপিং সেন্টার, মল, অফিস বিল্ডিং, অ্যাপার্টমেন্ট বিল্ডিং, এবং কলেজ ক্যাম্পাসগুলির পার্কিং এর জায়গায় সংরক্ষিত পার্কিং এর স্থান উপলব্ধ হয়। আপনি সেই রাস্তার-পাশের লটগুলির নির্ধারিত স্থানগুলিতে গাড়ি রাখার জন্য স্পেশাল প্লেট অথবা রাজ্যভিত্তিক পারমিট ব্যবহার করতে পারেন।

  আরও তথ্যের জন্য অথবা একটি পারমিটের জন্য আবেদনপত্র পাওয়ার জন্য, আপনি www.nyc.gov/dot তে NYC DOT এর ওয়েবসাইটে যেতে পারেন অথবা (718) 433-3100 নম্বরে ফোন করতে পারেন। আপনি নিচের ঠিকানায়ও NYC DOT এর সঙ্গে যোগাযোগ করতে পারেন:

  NYC Department of Transportation<br>
  Permits and Customer Service<br>
  30-30 Thomson Avenue, 2nd Floor<br>
  Long Island City, NY 11101-3045

- **মিটারযুক্ত পার্কিং এর ক্ষেত্রে ছাড়**

  যদি আপনার একটি চলা-ফেরা সংক্রান্ত অক্ষমতা এবং একটি নির্দিষ্ট তীব্র অক্ষমতা থাকে যা আপনার একটি পার্কিং মিটারের প্রতি নাগালপ্রাপ্ততা অথবা পেমেন্ট দেওয়ার সক্ষমতাকে সীমিত করে, তাহলে আপনি একটি মিটারযুক্ত পার্কিং এর ক্ষেত্রে ছাড় পেতে পারেন। মিটারযুক্ত পার্কিং এর ক্ষেত্রে ছাড় পারমিটধারীকে নিউ ইয়র্ক রাজ্যের (New York State) (নিউ ইয়র্ক সিটি ব্যতীত) যেকোনো শহর, নগর অথবা গ্রামে একটি মিটারযুক্ত পার্কিং এর স্থানে পার্ক করতে অনুমোদিত করে। আরও তথ্যের জন্য MV-664.1MP (তীব্র অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য মিটারযুক্ত পার্কিং এর ক্ষেত্রে ছাড়ের জন্য আবেদনপত্র) এবং MV-664.2MP (মিটারযুক্ত পার্কিং এর ক্ষেত্রে ছাড় সংক্রান্ত তথ্য) ফর্মগুলি দেখুন। এই ফর্মগুলি আপনার স্থানীয় প্রদানকারী প্রতিনিধির থেকে উপলব্ধ হবে এবং dmv.ny.gov তে DMV এর ওয়েবসাইটেও উপলব্ধ হবে।

অনুগ্রহ করে
ছিঁড়ুন ছিদ্র করা স্থানটিতে
এবং পৃষ্ঠা 1 এবং 2
আপনার তথ্যের জন্য রেখে দিন।

NEW YORK STATE OF OPPORTUNITY. | Department of Motor Vehicles

# তীব্র অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য পার্কিং পারমিট অথবা লাইসেন্স প্লেটগুলির জন্য আবেদনপত্র

আপনার দ্বারা এই আবেদনটি সম্পূর্ণ করার আগে, অনুগ্রহ করে এই প্যাকেটের পৃষ্ঠা 1 এবং 2 পড়ুন। যদি আপনি একটি পার্কিং পারমিটের জন্য আবেদন করেন, তাহলে শহর, নগর, অথবা গ্রামের, যেখানে আপনি বসবাস করেন, প্রদানকারী প্রতিনিধির (স্থানীয় পৌরসভা) কাছে সম্পূর্ণ করা আবেদনপত্রটি নিয়ে যান; **আপনার আবেদনটি মোটর যান বিভাগের (Department of Motor Vehicles ) কাছে পাঠাবেন না কারণ DMV পার্কিং পারমিটগুলি প্রদান করে না।**

## পার্ট 1 অক্ষমতাযুক্ত ব্যক্তির সম্পর্কে তথ্য — *(অনুগ্রহ করে প্রিন্ট করে তীর চিহ্নের পাশে স্বাক্ষর করুন।)*

| পদবি | প্রথম | মাঝের আদ্যক্ষর | টেলিফোন নং. ( ) |
|---|---|---|---|

| ঠিকানা: নং. এবং স্ট্রীট | অ্যাপার্টমেন্ট নং. | শহর | স্টেট | জিপ কোড |
|---|---|---|---|---|

জন্ম তারিখ

লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ X

আমি চাই: ☐ লাইসেন্স প্লেটস *(DMV এর নিকট আবেদন করুন।)* ☐ একটি পার্কিং পারমিট *(আপনার স্থানীয় প্রদানকারী প্রতিনিধির নিকট আবেদন করুন)*

আপনার কি অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য লাইসেন্স প্লেট আছে?
☐ হ্যাঁ - আমার লাইসেন্স প্লেট নম্বর হল:________________ ☐ না

**NYC এর বসবাসকারী** - আপনার ড্রাইভার লাইসেন্স অথবা নন-ড্রাইভার ID এর একটি কপি সংযুক্ত করুন। যদি আপনার একটি নিউ ইয়র্ক রাজ্য (New York State) পারমিট থাকে, তাহলে এখানে পারমিট নম্বরটি প্রিন্ট করুন:

*আপনার দ্বারা স্বাক্ষর করার আগে পৃষ্ঠা 4 এর নোট পড়ুন*

X ________________________________ ________________

**(অক্ষমতাযুক্ত ব্যক্তির স্বাক্ষর অথবা বাবা-মা অথবা অভিভাবকের স্বাক্ষর)** — *যদি একজন বাবা-মা অথবা অভিভাবকের দ্বারা স্বাক্ষর করা হয়ে থাকে, তাহলে অনুগ্রহ করে স্বাক্ষরের পরে অক্ষমতাযুক্ত ব্যক্তিটির সঙ্গে আপনার সম্পর্কটি লিখুন।* (তারিখ)

## পার্ট 2 চিকিৎসাভিত্তিক শংসাকরণ

**দ্রষ্টব্য: স্থায়ী অক্ষমতাগুলি** একজন মেডিকেল ডক্টর (Medical Doctor, MD), ডক্টর অফ অস্টিওপ্যাথি ( Doctor of Osteopathy , DO), ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট(Physician Assistant, PA), নার্স প্র্যাক্টিশনার (Nurse Practitioner, NP), একজন ডক্টর অফ পোডিয়াট্রিক মেডিসিন (DPM, পায়ের পাতার সঙ্গে সম্পর্কিত অক্ষমতার জন্য) অথবা অপ্টোমেট্রিস্ট(OD, অন্ধত্বের জন্য) এর দ্বারা শংসিত হতে পারে। তবে, **সাময়িক অক্ষমতাগুলি**, শুধুমাত্র একজন মেডিকাল ডক্টর অথবা ডক্টর অফ অস্টিওপ্যাথি এর দ্বারাই শংসিত হতে পারে।

**অক্ষমতার বিবরণ প্রদানকারী বক্স(গুলি) দেখুন এবং রোগ-নির্ণয়গুলি পূরণ করুন**:

☐ **সাময়িক অক্ষমতা:** একটি সাময়িক অক্ষমতাযুক্ত একজন ব্যক্তি হলেন যেকোনো ব্যক্তি যিনি, সাময়িকভাবে একটি সহায়ক ডিভাইসের সাহায্য ব্যতীত চলা-ফেরা করতে অক্ষম। একটি সহায়ক ডিভাইসের উদাহরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত হয়, কিন্তু সেগুলির দ্বারা সীমিত হয় না, একটি ব্রেস, ছড়ি, ক্রাচ, নকল অঙ্গভিত্তিক ডিভাইস, অন্য একজন সহায়তাকারী ব্যক্তি, হুইলচেয়ার অথবা ওয়াকার। ***গুরুত্বপূর্ণ:*** প্রত্যাশিত আরোগ্য লাভের তারিখ ব্যতিরেকেই সাময়িক পারমিটগুলি ছয় মাস অথবা তার কম সময়ের জন্য প্রদান করা হয়।

**প্রত্যাশিত আরোগ্য লাভের তারিখ:** ________________ **রোগ-নির্ণয়গুলি:** ________________

**কোন সহায়ক ডিভাইসের প্রয়োজন?** ________________

☐ **স্থায়ী অক্ষমতা:** একজন "তীব্রভাবে অক্ষম" ব্যক্তি হলেন, নীচে তালিকাভুক্তগুলির মধ্যে একটি অথবা একাধিক স্থায়ী অক্ষমতা অথবা অবস্থাগুলিযুক্ত যেকোনো ব্যক্তি

**রোগ-নির্ণয়গুলি:** ________________ অনুগ্রহ করে **প্রযোজ্য অবস্থাগুলি চিহ্নিত করুন:**

☐ বহনযোগ্য অক্সিজেন ব্যবহার করেন ☐ আইনগতভাবে অন্ধ ☐ একটি অথবা উভয় পায়ের সীমিত ব্যবহার অথবা অব্যবহার ☐ না থেমে 200 ফুট হাঁটতে অক্ষম।

☐ স্নায়ু এবং পেশি সংক্রান্ত অক্রিয়া যা চলা-ফেরাকে তীব্রভাবে সীমিত করে ☐ শ্রেণী III অথবা IV হৃদযন্ত্র সংক্রান্ত অবস্থা। (অ্যামেরিকান হার্ট অ্যাসোসিয়েশন এর মানদন্ড অনুসারে)(American Heart Assoc. standards)

☐ একটি গাঁটের ব্যথা, স্নায়ুতন্ত্রভিত্তিক অথবা অস্থি সংক্রান্ত অবস্থার কারণে হাঁটার সক্ষমতার ক্ষেত্রে তীব্রভাবে সীমিত

☐ ফুসফুসের রোগের কারণের এমন একটি পরিধি পর্যন্ত সীমাবদ্ধ যা স্পাইরোমেট্রির দ্বারা পরিমাপকৃত অনুসারে, বিশ্রামে থাকাকালীন, ঘরের বাতাসে, এক সেকেন্ডের জন্য বলপূর্বক (শ্বাসতন্ত্র সংক্রান্ত) প্রশ্বাসের পরিমাণটি এক লিটারের কম হয়, অথবা আর্টারিয়াল অক্সিজেন টেনশন হল ষাট mm/hg এর থেকে কম

☐ উপরে তালিকাভুক্ত না হওয়া একটি শারীরিক অথবা মানসিক বাধা অথবা অবস্থা থাকে যা অক্ষমতার একটি সম মাত্রা গঠন করে, এবং যে জনসাধারণের পরিবহণ ব্যবস্থা ব্যবহারের ক্ষেত্রে অস্বাভাবিক কাঠিন্য আরোপ করে এবং অতীব অসুবিধা ব্যতীত ব্যক্তিটিকে ঘোরা-ফেরা করা থেকে প্রতিহত করে।

**কীভাবে এই অক্ষমতা ক্রিয়াশীল সচলতাকে সীমিত করে সেটির ব্যাখ্যা করুন।**

________________________________

________________________________

| MD/DO/DPM/NP/PA/OD এর নাম | পেশাদারি লাইসেন্স নং. |
|---|---|
| MD/DO/DPM/NP/PA/OD এর ঠিকানা | টেলিফোন নং. ( ) |

**আপনার দ্বারা স্বাক্ষর করার আগে পৃষ্ঠা 4 এর নোট পড়ুন**

X ________________________________ ________________

**(MD/DO/DPM/NP/PA/OD এর স্বাক্ষর)** (তারিখ)

## Part 3 FILE INFORMATION *(For Issuing Agent Use Only)*

☐ Blue ☐ Red **Parking Permit No.** ________________ Date Issued:________________ Date Expires:________________

☐ First ☐ Second 9-digit number from NYS Driver License/ID Card ________________

☐ Denied ☐ Revoked Reason: ________________ ________________ (Date)

X ________________________________ ________________

(Issuing Agent) (Locality)

# *গ্রাহক এবং চিকিৎসা বিষয়ক পেশাদারদের* জন্য নোট

NYS মোটরযান এবং পরিবহণ আইন (NYS Vehicle and Traffic Law) এবং দন্ডবিধি বা আইন(Penal Law) অনুসারে, তীব্র অক্ষমতাযুক্ত একজন ব্যক্তির জন্য একটি পার্কিং পারমিট অথবা লাইসেন্স প্লেটের জন্য একটি আবেদনপত্রে একটি মিথ্যা বিবৃতি করা অথবা মিথ্যা তথ্য প্রদান করা হল একটি অপরাধ (একটি গুরুতর অপরাধ অথবা একটি বিধিবহির্ভূত কর্ম)। এই অপরাধটি একটি জরিমানা, কারাবাস, অথবা উভয়ের দ্বারা শাস্তিযোগ্য। যদি এই অপরাধটি একটি পার্কিং পারমিটের জন্য একটি আবেদনপত্রকে সংশ্লিষ্ট করে, তাহলে অপরাধটি $250 - $1,000 এর দেওয়ানি জরিমানা প্রদানের জন্য দায়বদ্ধতার ফলাফল সৃষ্টি করতে পারে।

**সেই সকল *গ্রাহকগণ* যাঁরা একটি তীব্র অক্ষমতাযুক্ত ব্যক্তিদের জন্য লাইসেন্স প্লেট, অথবা একটি পার্কিং পারমিট চান:**

যখন আপনি এই আবেদনপত্রের পার্ট 1 এ স্বাক্ষর করেন, তখন আপনি প্রত্যয়িত করেন:

- যে এই আবেদনপত্রে আপনার দ্বারা প্রদত্ত তথ্যগুলি সত্য;
- আপনি, পৃষ্ঠা 2 তে উল্লেখিত "লাইসেন্স প্লেট এবং পার্কিং পারমিটগুলি ব্যবহার করা" এর শর্তাবলী পড়েছেন এবং বুঝেছেন; এবং
- যে আপনি সেই শর্তগুলি অনুপানের জন্য সম্মত হন।

**_চিকিৎসা বিষয়ক পেশাদারদের_ জন্য, যাঁরা একজন অক্ষমতাযুক্ত ব্যক্তির জন্য একটি লাইসেন্স প্লেট, অথবা একটি পার্কিং পারমিটের জন্য একটি আবেদনের সমর্থনে চিকিৎসাভিত্তিক তথ্য প্রদান করেন:**

যখন আপনি এই আবেদনপত্রের পার্ট 2 তে স্বাক্ষর করেন, তখন আপনি প্রত্যয়িত করেন:

- যে আপনার দ্বারা প্রদত্ত চিকিৎসাভিত্তিক তথ্যগুলি সত্য এবং সম্পূর্ণ; এবং
- যে আপনার মতানুসারে, আবেদনপত্রের পার্ট 1 এ নামাঙ্কিত ব্যক্তিটি পার্ট 2 তে নির্দিষ্টকৃত মাপকাঠি অনুসারে অক্ষমতাযুক্ত একজন ব্যক্তির জন্য লাইসেন্স প্লেট, অথবা একটি পার্কিং পারমিট পাওয়ার জন্য চিকিৎসাগতভাবে যোগ্যতা সম্পন্ন।